

118

আজকের কাগজ

তারিখ ... ১১ জুন ১৯৯৬ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬

ও বোর্ডের অভিন্ন প্রশ্নপত্র
শিবগঞ্জ শিক্ষামন্ত্রীর পদত্যাগের
দাবিতে সংবাদ সম্মেলন
আসম আনোয়ার (শিবগঞ্জ) : দেশের সকল শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সিদ্ধান্তের প্রতিবাদে বগুড়ার শিবগঞ্জ এমএইচ ডিগ্রি কলেজের ছাত্র-ছাত্রীরা আন্দোলনে নেমেছে। তারা উক্ত হঠকারী সিদ্ধান্তের নায়ক ছাত্র বিদ্যেধী শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে গতকাল বেলা ১২টায় শিবগঞ্জ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে লিখিত বক্তব্যে মোঃ জাহাঙ্গীর হোসেন জানান, অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সিদ্ধান্ত প্রত্যাহার এবং শিক্ষামন্ত্রী পদত্যাগ না করা পর্যন্ত তারা (এইচএসসি পরীক্ষার্থীরা) সকল পরীক্ষা ও বোর্ডের নির্দেশিত সময়ে ফরম পূরণ থেকে বিরত থাকবে। এসব কর্মসূচি ছাড়া আগামীকাল ১০ জানুয়ারি শিবগঞ্জ কলেজে ছাত্র ধর্মঘটের কর্মসূচিও উক্ত সংবাদ সম্মেলনে ঘোষণা করা হয়েছে। এসময় ছাত্র-ছাত্রীদের মধ্যে উপস্থিত ছিলেন- শহিদুল ইসলাম, আলফাজুর রহমান সোহেল, আবু সাইদ, জেসমিন আক্তার, রাশিদা খাতুন, পলি আক্তার প্রমুখ।